



# ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

মহিপাল, ফেনী।

৩৩ তম বার্ষিক সদস্য সভা-২০২১ খ্রিঃ

## সদস্য বিজ্ঞপ্তি

এতদ্বারা ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির সম্মানিত গ্রাহক সদস্যদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২৯/০১/২০২২ খ্রিঃ রোজ শনিবার সকাল ৯:০০ ঘটিকায় ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর প্রাঙ্গণে সমিতির ৩৩তম বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হবে।

## সভার অনুষ্ঠান সূচী

সময় (ঘটিকা)	বিষয়
০৯ঃ০০ - ১১ঃ০০	গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন, পারস্পারিক যোগাযোগ ও প্রদর্শনী পরিদর্শন।
১১ঃ০১	সভাপতি/পরিচালক মন্ডলী ও মহিলা পরিচালকবৃন্দের সভামঞ্চে আসন গ্রহণ।
১১ঃ০৫	সভাপতি কর্তৃক সভার উদ্বোধন ঘোষণা।
১১ঃ১০	পবিত্র কোরআন তেলাওয়াত।
১১ঃ১৫	৩৩ তম বার্ষিক সদস্য সভার সদস্য বিজ্ঞপ্তি পাঠ।
১১ঃ২৫	কোরাম নির্ধারণকল্পে সদস্যগণের উপস্থিতি জনিত হিসাব প্রদান।
১১ঃ৩০	৩২ তম বার্ষিক সদস্য সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ।
১১ঃ৪৫	<b>বার্ষিক প্রতিবেদন পাঠ :</b> (ক) চেয়ারম্যান এর বাণী। (খ) সভাপতির প্রতিবেদন। (গ) কোষাধ্যক্ষের প্রতিবেদন। (ঘ) জেনারেল ম্যানেজারের প্রতিবেদন।
১২ঃ৪০	প্রশ্নোত্তর পর্ব।
১৩ঃ০০	লটারী ড্র।
১৩ঃ২০	পুরস্কার বিতরণ।
১৩ঃ৫০	সভার মূলতবী করণ।

### বার্ষিক সদস্য সভায় অংশ গ্রহণকারী গ্রাহক সদস্যগণের জ্ঞাতব্য বিষয় :

২১/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমিতির ৪৪২ তম নিয়মিত মাসিক বোর্ড সভার সিদ্ধান্ত নং- ০১/৪৪২/২০২১ খ্রিঃ অনুযায়ী ৩০/১০/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযোগ প্রাপ্ত গ্রাহকগণ আগামী ২৯/০১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ৩৩ (তেত্রিশ) তম বার্ষিক সদস্য সভায় অংশ গ্রহণ করতে পারবেন।

### বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি প্রেরণ :

এই বিজ্ঞপ্তি ডাকযোগে/বাহক মারফত বা অন্য কোন পন্থায় সকল সদস্যকে সমিতিতে তাঁদের রেকর্ডকৃত ঠিকানায় প্রেরিত হলেই বিজ্ঞপ্তি যথাসময়ে গ্রাহক সদস্য কর্তৃক প্রাপ্ত হয়েছেন বলে বিবেচিত হবে।

### গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন :

বার্ষিক সদস্য সভায় গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গ্রাহক সদস্যগণকে ছবিযুক্ত লেমিনেটেড সদস্য সার্টিফিকেট অথবা ডিসেম্বর'২১ খ্রিঃ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের কপি সঙ্গে আনার জন্য অনুরোধ করা হলো।

### প্রশ্নপত্র প্রদান :

সম্মানিত গ্রাহক সদস্যগণের সমিতির কার্যক্রম সংশ্লিষ্ট কোন প্রশ্ন/সুপারিশ থাকলে তা আগামী ১২/০১/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার অফিস চলাকালীন সময়ের মধ্যে সমিতির সদর দপ্তরে লিখিত আবেদন পৌছানোর জন্য অনুরোধ করা হলো। বার্ষিক সদস্য সভার দিন উক্ত সময়ে প্রাপ্ত প্রশ্নের উত্তর দেওয়া হবে। বার্ষিক সদস্য সভার দিন কোন প্রশ্ন গ্রহণ করা হবে না। সমিতির কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া, সদস্যবৃন্দের সমষ্টিগত স্বার্থে সমিতির কার্যধারা সুষ্ঠুভাবে পরিচালনায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা সমিতির সম্মানিত সকল সদস্যদের সর্বাধিক গুরুত্বপূর্ণ ও পবিত্র দায়িত্ব। এমতাবস্থায়, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সম্মানিত গ্রাহক সদস্যদের বার্ষিক সদস্য সভায় যোগদান করার জন্য সাদর আমন্ত্রণ জানানো যাচ্ছে।

তারিখঃ ১১/০১/২০২১ খ্রিঃ।

কাজী মোজাহেরুল ইসলাম  
সচিব, সমিতি বোর্ড  
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি।